



# বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

কেন্দ্রীয় কমিটি

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৯৫৬৭৯৭৫, ফ্যাক্স : ৯৫৫৮৫৪৫

[www.workerspartybd.com](http://www.workerspartybd.com). ই-মেইল : [wpartybd@bangla.net](mailto:wpartybd@bangla.net), [wparty@mail@gmail.com](mailto:wparty@mail@gmail.com)

২২ ফেব্রুয়ারি ২০১৯

## প্রেস বিজ্ঞপ্তি

### সংস্কারের নামে নতুন জামাত তৈরি করা যাবে না

----- রাশেদ খান মেনন

“মুক্তিযুদ্ধকে মেনে নেয়া অথবা তার বিরোধীতার জন্য ক্ষমা চাওয়াই যথেষ্ট নয়, মুক্তিযুদ্ধের অসাম্প্রদায়িক গণতান্ত্রিক চেতনাকেও একইভাবে মানতে হবে। সংস্কারের নামে একটি নতুন জামাত তৈরি করা যাবে না। সেটা হবে আরও প্রতারণামূলক ও ভয়ংকর। তুরস্কের একে পার্টি, মিসরের মুসরীর শাসন তারই প্রমাণ দেয়। সে কারণেই মুক্তিযুদ্ধের চেতনা অনুসরণে একটি অসাম্প্রদায়িক গণতান্ত্রিক সমতাভিত্তিক সমাজ প্রতিষ্ঠার লড়াইকে জরুরি ধরে অগ্রসর হতে হবে।” আজ ২২ ফেব্রুয়ারি শুক্রবার সকাল ১১টায় জাতীয় প্রেসক্লাবের আব্দুস সালাম হলে বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি ঢাকা মহানগর আয়োজিত “স্বাধীন জনগণতান্ত্রিক পূর্ব বাংলা ঘোষণা” দিবসের আলোচনা সভার প্রধান অতিথির বক্তৃতায় পার্টির সভাপতি রাশেদ খান মেনন এমপি একথা বলেন। ঢাকা মহানগর ওয়ার্কার্স পার্টির সভাপতি আবুল হোসাইন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভার শুরুতে চকবাজার ট্রাজেডিতে নিহতদের প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়।

সম্প্রতি স্বাধীনতার বিরোধী ভূমিকার জন্য জামাতের ক্ষমা চাওয়ার প্রশ্নে দলের একাংশের আস্থানের উল্লেখ করে মেনন বলেন, সেটা ভাল কথা, কিন্তু যথেষ্ট নয়, বরং জামাতকে নিষিদ্ধকরণের মাধ্যমে তার পুনরুত্থান রোধের সকল প্রচেষ্টা প্রতিরোধ করতে হবে এবং তার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।

আলোচনা সভার মূল আলোচক হিসেবে অধ্যাপক মেসবাহ কামাল বলেন, স্বাধীনতাই যথেষ্ট নয়, স্বাধীনতার পর দেশটা কেমন হবে সেটাও উল্লেখ করা প্রয়োজন ছিল- যেটা সেদিনকার ছাত্র ইউনিয়ন (মেনন গ্রুপ) তার কর্মসূচিতে তুলে ধরেছিলেন।

আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন ঐ কর্মসূচির কারণে সামরিক আইনে এক বছর সশ্রম কারাদণ্ড পাওয়া উনসত্তরের গণঅভ্যুত্থানের নেতা জাতীয় পার্টি (জাফর)-এর চেয়ারম্যান মোস্তফা জামাল হায়দার। শারিরিক অসুস্থতার কারণে বিশেষ অতিথি হায়দার আনোয়ার খান জুনোর লেখা পড়ে শোনান মহানগর ওয়ার্কার্স পার্টির সম্পাদক কিশোর রায়।

বার্তা প্রেরক

(কামরুল আহসান)

পলিব্যুরোর সদস্য

০১৫৫২৩৭৭৩১৬